


## 🗏 আত-তারিক | At-Tariq | ٱلطَّارق

আয়াতঃ ৮৬:৬

💵 আরবি মূল আয়াত:



## 

তাকে সৃষ্টি করা হয়েছে দ্রুতবেগে নির্গত পানি থেকে। — আল-বায়ান
তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে বের হয়ে আসা পানি থেকে। — তাইসিরুল
তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে শ্বলিত পানি হতে, — মুজিবুর রহমান
He was created from a fluid, ejected, — Sahih International

- ৬. তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে শ্বলিত পানি হতো(১),
  - (১) অর্থাৎ বীর্য থেকে, যা পুরুষ ও নারী থেকে সবেগে বের হয়। যা থেকে আল্লাহর হুকুমে সন্তান জন্মলাভ করে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- ৬। তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে শ্বলিত পানি থেকে। [1]
  - [1] অর্থাৎ, বীর্য থেকে; যা চরম কাম-উত্তেজনার শেষে সবেগে নির্গত হয়। এই বীর্য-বিন্দু নারীর গর্ভাশয়ে পৌঁছনোর পর আল্লাহর আদেশ হলে গর্ভ সঞ্চারের কারণ হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5937

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন